

কর্মমুখী কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষার মধ্যে লুকিয়ে আছে জাতির অর্থনৈতিক মুক্তির পথ শিক্ষামন্ত্রী

স্টাফ-রিপোর্টার : শিক্ষামন্ত্রী মুফত ইসলাম নাইন বলেছেন, কর্মমুখী কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা আমাদের সমৃদ্ধ অর্থনীতির নবদীপ্ত উন্মোচন করতে পারে। এ শিক্ষার মধ্যে লুকিয়ে আছে জাতির অর্থনৈতিক মুক্তির পথ। তাই এই শিক্ষার ব্যাপকতা ও গুরুত্ব বৃদ্ধি করার কথা জানিয়েছেন তিনি। গতকাল (বৃহস্পতিবার) ইনস্টিটিউশন অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং, বাংলাদেশ (আইডিইবি) 'র বৃত্তিমূলক মুক্তি মিলনায়তনে এক সেমিনারে শিক্ষামন্ত্রী একথা বলেন। বাংলাদেশ প্রাইভেট পলিটেকনিক ওয়ার্স এসোসিয়েশন, দক্ষ মানবসম্পদ সৃষ্টি ও অর্থনৈতিক উন্নয়নে প্রাইভেট পলিটেকনিকের ভূমিকা শীর্ষক এই জাতীয় সেমিনার ও প্রাইভেট পলিটেকনিক উদ্যোগসমূহের জাতীয় সংকলনের আয়োজন করে। আইডিইবি'র মহাসচিব মো. নাসির হুসেইনের সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন কারিগরি শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক মো. নাহক্বাহান সিদ্দী, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর মো. আব্দুল কাসেম, উদ্যোগতা সোহেলী ইয়াসমিন প্রমুখ বক্তৃতা করেন। সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন আইএলও-এর প্রোগ্রাম অফিসার ড. হুইশান দাস।

শিক্ষামন্ত্রী বলেন, আমরা দারিদ্র্য ও দিগ্বিদ্যমুক্ত উন্নত সমৃদ্ধ বাংলাদেশ গড়তে চাই। ১৬ কোটি মানুষের শ্রম, মেধা ও নিষ্ঠাকে কাজে লাগিয়ে জনবোঝাকে মানবপুঞ্জিতে পরিণত করতে হবে। আধুনিক যুগোপযোগী জীবনভিত্তিক কর্মমুখী কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষায় শিক্ষিত করে ত্যা করা সম্ভব। বিশ্ব আজ মানবসম্পদকে মানবপুঞ্জি হিসেবে আখ্যায়িত করেছে। তিনি বলেন, বাংলাদেশের বৈদেশিক মুদ্রা উপার্জনকারী জনপত্তির ৭৫ ভাগই অক্ষয়। এসেদিকে দক্ষ জনপত্তিতে পরিণত করতে পারলে বৈদেশিক মুদ্রা অর্জন কমপক্ষে তিনগুণ বৃদ্ধি করা সম্ভব। মন্ত্রী বলেন, নতুন প্রকল্পকে বিশ্বমানের কারিগরি শিক্ষায় শিক্ষিত করে তুলতে কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষার সিলেবাস বিবরণসমূহের জনবল চাহিদার সাথে মিলিয়ে নতুন করে তৈরি সাজানো হয়েছে। প্রতি উপজেলায় কমপক্ষে একটি করে কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন করা, দেশীয় শিল্প-কারখানার জনবল চাহিদা নিরূপণ করা, পলিটেকনিকসমূহে ডাবল শিফট চালু করা, টেক্সটাইল বিশ্ববিদ্যালয় স্থাপন, জাতীয় দক্ষতা উন্নয়ন নীতিমালা প্রণয়নসহ নানা উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

তিনি সরকারের পাশাপাশি বেসরকারি উদ্যোগে মানসম্পন্ন চাহিদাভিত্তিক কারিগরি প্রতিষ্ঠান গড়ে তোলার ওপর গুরুত্বারোপ করে বলেন, শুধু ব্যবসায়িক দৃষ্টিভঙ্গি বা লাভবান হওয়ার জন্যে জাতীয় দায়বদ্ধতা থেকে দক্ষ ও উপযুক্ত মানবসম্পদ গড়ে তোলার লক্ষ্যে প্রতিষ্ঠান করতে হবে। দক্ষতা অর্জন ও মানের সাথে আশোষ চলবে না। খুবই আশঙ্ক করা, কারিগরি শিক্ষার এখন বহু মেধাবী শিক্ষার্থীরা ভর্তি হচ্ছে। তিনি কারিগরি বাতের উন্নয়নে শ্রেষ্ঠ সকলকে আন্তরিকতার সাথে ভূমিকা রাখার আহ্বান জানান।